গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪২.৮৬০০.০০০.১৪.০১৯.১৫(অংশ-১).৮১৪ তারিখ : ২২ বৈশাখ ১৪৩৩ / ০৫ মে ২০২৬

**বিষয় : শরীয়তপুর জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৩২.৮৪৭০০ লক্ষ (এক কোটি বত্রিশ লক্ষ চুরাশি হাজার সাতশত) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৬টি প্রকল্প, ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে এডিপি অব্যয়িত ৫০.২০ লক্ষ (পঞ্চাশ লক্ষ বিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টি প্রকল্প এবং ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বিশেষ বরাদ্দের ২৪.২৫ লক্ষ (চব্বিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।**

সূত্র : ১. স্মারক : ৪৬.৪২.৮৬০০.০০০.১০২.০৩.০০৩৬.২৫-৭৭; তারিখ : ০৬-০৪-২০২৬ খ্রি.;
২. স্মারক : ৪৬.৪২.৮৬০০.০০০.১০২.০৩.০০৩৬.২৫-৭৯; তারিখ : ০৬-০৪-২০২৬;
৩. স্মারক : ৪৬.৪২.৮৬০০.০০০.১০২.০৩.০০৩৬.২৫-৭৮; তারিখ : ০৬-০৪-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শরীয়তপুর জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৩২.৮৪৭০০ লক্ষ (এক কোটি বত্রিশ লক্ষ চুরাশি হাজার সাতশত) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৬টি প্রকল্প পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে এবং নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

| ক্রম. | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক নম্বর | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | শর্তাবলি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৫ | ১০.০০ | ক. সেবা সরবরাহকৃত প্রাথমিক বিদ্যালয়ের নাম<br>খ. সাইকেল প্রাপ্ত শিক্ষার্থীর নাম<br>গ. সাইকেল প্রাপ্ত ছাত্রী/অভিবাবকের সচল মোবাইল নম্বর | **প্রকল্প দুটি বাস্তবায়ন সম্পন্ন অন্তে ১০ কর্মদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে কলাম-৪-এ বর্ণিত তথ্যাদি প্রেরণ করতে হবে।** |
| ২. | ৬ | ১০.০০ | ক. সেবা সরবরাহকৃত মাধ্যমিক বিদ্যালয়ের নাম;<br>খ. মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সচল মোবাইল নম্বর | |

**০২।** ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে এডিপি অব্যয়িত ৫০.২০ লক্ষ (পঞ্চাশ লক্ষ বিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টি প্রকল্পের মধ্যে নিম্নোক্ত ছকে উল্লিখিত ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১টি প্রকল্পের বিষয়ে ছকের ০৪নং কলামে বর্ণিত তথ্য অনুযায়ী পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং অবশিষ্ট (২-১)=১টি প্রকল্প (৫০.২০-৪০.০০)=১০.২০ লক্ষ (দশ লক্ষ বিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

| ক্রম | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক নং | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ১ | ৪০.০০ | ক. পার্কটির মালিকানা সংক্রান্ত তথ্য প্রয়োজন;<br>খ. জমির তফসিল;<br>গ. জেলা পরিষদের রাজস্ব আয় হবে কি না, হলে জেলা পরিষদ কত শতাংশ লভ্যাংশ পাবে? |

০৩। ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বিশেষ বরাদ্দের আওতায় ২৪.২৫ লক্ষ (চব্বিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টি প্রকল্পের মধ্যে নিম্নোক্ত ছকে উল্লিখিত ১০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১টি প্রকল্পের বিষয়ে ছকের ০৪নং কলামে বর্ণিত তথ্য অনুযায়ী পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং অবশিষ্ট (২-১)=১টি প্রকল্প (২৪.২৫-১০.০০)=১৪.২৫ লক্ষ (চৌদ্দ লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

| ক্রম | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক নং | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ২ | ১০.০০ | ক. কী ধরনের প্রতিষ্ঠান;<br>খ. জনসেবামূলক কোন কার্যক্রম গ্রহণ করা হয় কি না;<br>গ. জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্প কি না। |

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email : lgzp@lgd.gov.bd

বিতরণ :
১. প্রশাসক, জেলা পরিষদ, শরীয়তপুর; এবং
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নম্বর : ৪৬.৪২.৮৬০০.০০০.১৪.০১৯.১৫(অংশ-১).৮১৪/১(৬)

তারিখ : ২২ বৈশাখ ১৪৩৩ / ০৫ মে ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব